



পার্টী লিডার ও প্রেসিডেন্ট এর প্রবাসী কার্যালয়  
**লিবারেল পার্টি বাংলাদেশ**  
[www.liberalbd.org](http://www.liberalbd.org)

**বর্তমান তত্ত্বাবধায়ক সরকার প্রশ্নে গণভোট দেয়া হোক**  
গণতন্ত্র মানে যেন তেন প্রকারে চোর-ডাকাত রাজনীতিবিদদের  
হাতে ক্ষমতা ফিরিয়ে দিয়ে জাতিকে সংকটে ফেলা নয়।

গণতন্ত্রের মানে কি? গণতন্ত্রের মানে যেন তেন প্রকারে চোর-ডাকাত রাজনীতিবিদদের হাতে ক্ষমতা ফিরিয়ে দিয়ে জাতিকে সংকটে ফেলা নয়। মূলত জনতার কল্যাণে যে তন্ত্র তাই গণতন্ত্র। গণতন্ত্র মানে যদি ব্যালট বাক্সের মধ্যে ভোট দেয়া হয়, তবে বর্তমান তত্ত্বাবধায়ক সরকারের ক্ষমতা বাড়াতে সেক্ষেত্রে গণভোট দিলে শতকরা ৯৫ টি সাধারণ নাগরিকের ভোট তত্ত্বাবধায়ক সরকার লাভ করবেন।

**লিবারেল পার্টি বাংলাদেশের প্রেসিডেন্ট শেখ মহিউদ্দিন আহমেদ প্রবাস থেকে এক বিবৃতিতে একথা বলেন।**

তিনি বলেন, নিজেদের চোরাই সম্পদ বাচাতে আর নতুন করে চুরির খান্দায় আমাদের রাজনীতিবিদেরা নির্বাচনের নামে মায়াকান্না শুরু করেছেন। জনগণ এসকল চোর রাজনীতিবিদদের দ্বারা আর শাসিত হতে চায় না। জনগণ আর কারো বাপ দাদার সম্পদ হতে চায় না। নির্বাচন দরকার হলে, গণতন্ত্রের জন্য কূটনীতিকদের বেশী মাথা ব্যথা থাকলে, এ সরকারের প্রতি জনগণের ম্যান্ডেটের প্রয়োজনে গণভোট দেয়ার জন্য সরকার ও সেনাবাহিনীর প্রতি আহ্বান জানান জনাব শেখ মহিউদ্দিন।

অন্যথায় জনগণকে আবারো হয়নাদের মুখে ফেলে দিয়ে তত্ত্বাবধায়ক সরকার চলে গেলে এবং চোর বদমাশ হারামজাদা রাজনীতিকদের শায়েস্তা না করলে জনগণ এ তত্ত্বাবধায়ক সরকারের সদস্য ও সামরিক বাহিনীকে অভিসম্পাদ দেবে।

দুর্নীতিবাজ রাজনীতিকদের জেল, জরিমানা, নির্বাচনে নিষিদ্ধ করা, সম্পত্তি বাজেয়াপ্ত করা না গেলে বর্তমান প্রচেষ্টা একসময় ছমকীর সম্মুখীন হবোলোভী মজুতদার ও ব্যবসায়ী, দুর্নীতিবাজ পুলিশ ও আমলাদের সকল সম্পদ বাজেয়াপ্ত, জেল জরিমানা এবং সামাজিক বয়কট করতে হবোরজ্জচিষা এনজিওদের নিষিদ্ধ করতে হবে। এজন্য প্রয়োজনে আইন সংশোধন করতে গণভোট দিতে হবে বলে জনাব মহিউদ্দিন মনে করেন।

পরবর্তী পাতা-২

জাতীয় সদর দপ্তর

৪৩৫ বড় মগবাজার, ৪র্থ তলা, ওয়্যারলেস রেলগেট, ঢাকা-১২১৭  
ফোন: +৮৮০-২-৯৩৬০৭৭৪ এ-মেইল: [libpartybd@gmail.com](mailto:libpartybd@gmail.com)



পার্টি লিডার ও প্রেসিডেন্ট এর প্রবাসী কার্যালয়  
**লিবারেল পার্টি বাংলাদেশ**  
[www.liberalbd.org](http://www.liberalbd.org)

চলমান পাতা-২

জনাব শেখ মহিউদ্দিন স্মরণ করিয়ে দিয়ে বলেন, ভবিষ্যতে দেশে দুর্নীতিবাজদের হত্যা করতে কেউ সশস্ত্র সংগ্রাম চালু করলে আশ্চর্য হওয়ার কিছু থাকবে না। ৩ কোটি বেকারের

দেশে লুটেরাদের বিরুদ্ধে সশস্ত্র সংগ্রাম শুরু করতে যে কোন সৎ বিপ্লবীকে খুব বেশী বেগ পেতে হবে না। আর তাই এ থেকে পরিত্রাণের জন্য এখন সময়। তত্ত্বাবধায়ক সরকারকে গণভোটে স্বীকৃতির ব্যবস্থা করা হোক, আর দুর্নীতিবাজদের জেলসহ তাদের সম্পদ বাজয়াপ্ত করা হোক।

লিবারেল পার্টি লিডার বলেন, পাশাপাশি তথাকথিত ক্রসফায়ার বন্ধ করে, দুর্নীতিবাজ কয়েকজন পুলিশ অফিসারকে চরম শাস্তি দেয়া সহ বেকারদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা না হলে সকল অর্জন একসময় বিফলে যাবে।

শেখ মহিউদ্দিন আহমেদ  
রিপাবলিক অব আয়ারল্যান্ড থেকে  
মোবাইল: +৩৫৩-৮৭৬৭৬০০১২

**জাতীয় সদর দপ্তর**

৪৩৫ বড় মগবাজার, ৪র্থ তলা, ওয়্যারলেস রেলগেট, ঢাকা-১২১৭  
ফোন: +৮৮০-২-৯৩৬০৭৭৪ এ-মেইল: [libpartybd@gmail.com](mailto:libpartybd@gmail.com)